# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ**

**বিষয়: গণিত**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | **প্রথম অধ্যায়:** স্বাভাবিক সংখ্যা ও ভগ্নাংশ | ১.১ অঙ্ক পাতন<br>১.২ দেশীয় সংখ্যা পঠন রীতি<br>১.৩ আন্তর্জাতিক গণনা পদ্ধতি<br>১.৪ দেশীয় ও আন্তর্জাতিক গণনা রীতির পারস্পরিক সম্পর্ক<br>১.৫ মৌলিক ও যৌগিক সংখ্যা<br>১.৬ সহমৌলিক সংখ্যা<br>১.৭ বিভাজ্যতা<br>১.৮ গরিষ্ট সাধারণ গুণনীয়ক<br>১.৯ লঘিষ্ট সাধারণ গুণিতক<br>১.১০ গ.সা.গু ও ল. সা. গু এর মধ্যে সম্পর্ক<br>১.১১ সাধারণ ভগ্নাংশ<br>১.১২ ভগ্নাংশের তুলনা<br>১.১৩ ভংগ্নাংশের যোগ ও বিয়োগ<br>১.১৪ ভগ্নাংশের গুণ<br>১.১৫ ভগ্নাংশের ভাগ<br>১.১৬ ভগ্নাংশের গুণনীয়ক ও গুণিতক<br>১.১৭ ভগ্নাংশের গ.সা.গু<br>১.১৮ ভগ্নাংশের ল.সাগু<br>১.১৯ ভগ্নাংশের সরলীকরণ<br>১.২০ দশমিক ভগ্নাংশের যোগ<br>১.২১ দশমিক ভগ্নাংশের বিয়োগ<br>১.২২ দশমিক ভগ্নাংশের গুণ<br>১.২৩ দশমিক ভগ্নাংশের ভাগ<br>১.২৪ দশমিক ভগ্নাংশের গ.সা.গু ও ল. সা গু | ০২। ৩০ মিটার লম্বা একটি দেয়ালের $৩\frac{২}{২৫}$ মিটার কালো, $৯\frac{১}{৪}$ মিটার লাল, $৪\frac{৩}{১০}$ মিটার হলুদ এবং $২\frac{১}{৪}$ মিটার কমলা রং করা হলো।<br>(ক) দেয়ালটির কালো রঙের অংশটি কোন ধরনের ভগ্নাংশ?<br>(খ) দেয়ালটির কালো এবং হলুদ অংশের গুণফল দশমিকে নির্ণয় কর।<br>(গ) দেয়ালটির কত অংশ রং করা বাকী রইল, তা নির্ণয় কর।<br>(ঘ) ৩০ − কালো অংশ ÷( লাল অংশ−হলুদ অংশ ) × কমলা অংশ = কত অংশ হবে, তা নির্ণয় কর। | ভগ্নাংশের যোগ,বিয়োগ, গুণ ও ভাগের নিয়ম অনুসরণ করে সমস্যাটি সমাধান করবে। | ক. ভগ্নাংশের প্রকার চিহ্নিতকরণ<br>খ. ভগ্নাংশের গুণফলকে দশমিকে রুপান্তরকরণ<br>গ. ভগ্নাংশের বিয়োগফল শিখন<br>ঘ. ভগ্নাংশের সরলীকরণ |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ**

**বিষয়: ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | **দ্বিতীয় অধ্যয়:** ইবাদত | **পাঠ-১:** ইবাদতের ধারণা ও তাৎপর্য<br>**পাঠ-২:** অপবিত্রতা<br>**পাঠ-৩:** পবিত্রতা<br>**পাঠ-৪:** ওজু<br>**পাঠ-৫:** তায়াম্মুম<br>**পাঠ-৬:** গোসল | প্রতিদিন সকালে ঘুম থেকে উঠে এবং রাতে ঘুমাতে যাওয়ার পূর্ব পর্যন্ত যে সকল ইবাদত করা যায়, তার একটি তালিকা তৈরি কর। | • ইবাদতের ধারণা ও প্রকারভেদ<br>• পবিত্রতার ধারণা(ওযু, তায়াম্মুম, গোসল)<br>• বিষয় শিক্ষক/ মাতা পিতা/ধর্মীয় জ্ঞান সম্পন্ন ব্যক্তিদের সাথে আলোচনা/সহায়ক বই পুস্তক/ ইন্টারনেটের সহযোগিতা গ্রহণ | **অতি উত্তম:**<br>• ইবাদতের ধারণা ও প্রকারভেদ অনুযায়ী ইবাদতের পরিপূর্ণ তালিকা প্রস্তুতকরণ<br>• তথ্য উপস্থাপনায় যথার্থতা ও ধারাবাহিকতা<br>• উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**উত্তম:**<br>• ইবাদতের ধারণা ও প্রকারভেদ অনুযায়ী প্রস্তুতকৃত তালিকা অধিকাংশ ক্ষেত্রে পরিপূর্ণ<br>• তথ্য উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে যথার্থতা ও ধারাবাহিকতা<br>• উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে নিজস্বতাও সৃজনশীলতা<br>**ভালো:**<br>• ইবাদতের ধারণা ও প্রকারভেদ অনুযায়ী আংশিক তালিকা<br>• তথ্য উপস্থাপনায় আংশিক যথার্থতা ও ধারাবাহিকতা<br>• উপস্থাপনায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>• ইবাদতের ধারণা ও প্রকারভেদ অনুযায়ী যথাযথ তালিকা প্রস্তুতকরণের অভাব<br>• তথ্য উপস্থাপনায় যথার্থতা ও ধারাবাহিকতার অভাব<br>• উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | **দ্বিতীয় অধ্যায়:** ধর্মগ্রন্থ | **পাঠ ১:**<br>ধর্মগ্রন্থের ধারণা<br>**পাঠ ২ ও ৩:**<br>বেদের সাধারণ পরিচয়<br>**পাঠ ৪:**<br>বেদের শিক্ষা ও গুরুত্ব<br>পাঠ ৫: শ্রীমদ্‌ভগবদ্‌ গীতার পরিচয়<br>**পাঠ ৬:**<br>শ্রীমদ্‌ভগবদ্‌ গীতা ও শ্রীকৃষ্ণের মুখ নিঃসৃত বাণী<br>**পাঠ ৭:**<br>শ্রীমদ্‌ভগবদ্‌ গীতার গুরুত্ব | অনাসক্ত কর্ম সম্পর্কে শ্রীকৃষ্ণের বাণীসমূহ তোমার ব্যক্তি জীবনে কীভাবে প্রয়োগ করবে তার একটি বর্ণনা তুলে ধর।<br><br>**সংকেত:**<br>শ্রীকৃষ্ণের প্রাসঙ্গিক কয়েকটি বাণী ব্যবহার করে তার ভিত্তিতে লিখতে হবে। | শিক্ষার্থী লেখার ক্ষেত্রে পাঠ্যপুস্তক এবং পবিত্র ধর্মগ্রন্থ গীতার সাহায্য নিয়ে লিখবে।<br><br>*পারিবারিক অভিজ্ঞতা থেকে ধারণা নিয়ে লিখা যেতে পারে | **অতি উত্তম:**<br>১. পরিষ্কার ও সহজবোধ্য ভাষায় উপস্থাপন<br>২. বিষয়বস্তু প্রাসঙ্গিক (শ্রীকৃষ্ণের কয়েকটি বাণীর সঠিক ব্যবহার রয়েছে) ও ধারণার যৌক্তিক উপস্থাপন<br>৩. উপস্থাপনায় নিজস্বতা (নিজের ভাষায় লেখা)<br><br>**উত্তম:**<br>১. পরিষ্কার ও সহজবোধ্য ভাষায় উপস্থাপন<br>২. বিষয়বস্তু প্রাসঙ্গিক (শ্রীকৃষ্ণের কয়েকটি বাণীর ব্যবহার রয়েছে) তবে ধারণার যৌক্তিক উপস্থাপনা নেই<br>৩. উপস্থাপনায় নিজস্বতা<br><br>**ভালো:**<br>১. কিছু সহজ এবং জটিল ভাষার সংমিশ্রনে উপস্থাপন<br>২. বিষয়বস্তুতে প্রাসঙ্গিকতা রয়েছে (শ্রীকৃষ্ণের কয়েকটি বাণীর ব্যবহার রয়েছে) তবে কিছু অপ্রাসঙ্গিক কথা রয়েছে, ধারণার সঠিক ও যৌক্তিক উপস্থাপনা নেই<br>৩. উপস্থাপনায় বইয়ের ভাষা রয়েছে তবে কিছু নিজস্বতাও রয়েছে<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. ভাষা পরিষ্কার ও সহজবোধ্য নয়।<br>২. বিষয়বস্তুত মূলত অপ্রাসঙ্গিকতা, ধারণার সঠিক ও যৌক্তিক উপস্থাপনা নেই<br>৩. উপস্থাপনায় নিজস্বতার অভাব রয়েছে/ অনুকরণের ছাপ |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | **দ্বিতীয় অধ্যায়:** বন্দনা | **পাঠ: ১**<br>বন্দনা ও বন্দনার সুফল<br>**পাঠ: ২**<br>বন্দনার নিয়মাবলি<br>**পাঠ: ৩**<br>বুদ্ধের দন্তধাতু বন্দনা<br>**পাঠ: ৪**<br>সপ্ত মহাস্থান বন্দনা<br>**পাঠ: ৫**<br>মাতৃ-পিতৃ বন্দনা | তোমার পরিবারে তোমরা প্রতিদিন সকাল সন্ধ্যা বাসায় বুদ্ধ প্রতিবিম্বের সামনে বসে বন্দনা করো। তোমার এই অভিজ্ঞতার আলোকে বন্দনার একটি চার্ট তৈরি করো।<br><br>**সংকেত:**<br>(ক) বন্দনার ৫টি প্রতি শব্দ উল্লেখ<br>(খ) ঘটনা ও পাঠ্যবিষয়ের সাদৃশ্যতা<br>(গ) চারিত্রিক বিশুদ্ধতার উল্লেখ<br>(ঘ) সমবেত বন্দনার সুফল | ১. এনসিটিবি কর্তৃক প্রণীত ২০২১ সালের বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের ২য় অধ্যায়।<br>২. বিষয় শিক্ষকের পরামর্শ।<br>৩. পরিবারের বয়োজ্যেষ্ঠদের সাথে আলোচনা।<br>৪. ইন্টারনেট থেকে তথ্য সংগ্রহ। | **অতি উত্তম:**<br>১. পরিপূর্ণতায় বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. তথ্য, ধারণা ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সংগতিপূর্ণ<br>৩. লেখার সৃজনশীলতা<br>৪. প্রতিশব্দের যথার্থতা<br><br>**উত্তম:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. তথ্য ধারণা অধিকাংশই পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ<br>৩. প্রতিশব্দ অধিকাংশই সঠিক<br><br>**ভালো:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. তথ্য, ধারণা আংশিকভাবে সংগতিপূর্ণ<br>৩. প্রতিশব্দ আংশিক সঠিক<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তুর সঠিকতার ও ধারাবাহিকতার অভাব<br>২. তথ্য, ধারনা পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ নয়<br>৩. প্রতিশব্দসমূহ সঠিক নয় |